

দেশের উন্নয়নে বঙ্গবন্ধুর অবদান অবিস্মরণীয়

■ সমকাল প্রতিবেদক

বিশিষ্ট অর্থনীতিবিদ ড. মোহাম্মদ ফরাসউদ্দিন বলেন, বঙ্গবন্ধু তার ঐতিহাসিক নেতৃত্ব দিয়ে বাংলালি জাতিকে স্বাধীন ভূখণ্ড উপহার দিয়েছেন, তেমনি এ দেশের আর্থ-সামাজিক উন্নয়নেও তার অবদান অবিস্মরণীয়। তিনি বাংলালির সামগ্রিক মুক্তির লক্ষ্যেই পাকিস্তান প্রতিষ্ঠার পর থেকে ধারাবাহিক আন্দোলনের মধ্য দিয়ে জাতিকে স্বাধীনতার জন্য প্রস্তুত করে তুলেছেন।

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪০তম শাহাদাতবার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে বাংলা একাডেমি আয়োজিত 'বাংলালির আর্থ-সামাজিক উন্নয়ন : শেখ মুজিবের অবদান কর্তৃক' শীর্ষক একক বক্তৃতা অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। একাডেমির আবদুল করিম সাহিত্যবিশারদ মিলনায়তনে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন সংস্কৃতিমন্ত্রী আসাদুজ্জামান নূর। সভাপতিত্ব করেন বাংলা একাডেমির মহাপরিচালক শামসুজ্জামান খান। এর আগে দাঁড়িয়ে এক ঘিনিট নীরবতা পালনের মধ্য দিয়ে অনুষ্ঠান শুরু হয়। এরপর সাংস্কৃতিক ব্যক্তিসমূহ সৈয়দ হাসান ইয়াম বঙ্গবন্ধু স্মরণে নির্মলেন্দু গুণ রচিত 'সেই রাত্রি কল্পকাহিনী' কবিতাটি আবৃত্তি করেন।

ফরাসউদ্দিন বলেন, 'উদার ও গণতান্ত্রিক একটি জাতিরাষ্ট্রে যে অর্থনৈতিক ন্যায্যতা ও সামাজিক সমতা নিশ্চিত করতে পারে তা বঙ্গবন্ধু গভীরভাবে উপলক্ষ্য করেছিলেন। এজন্য স্বাধীনতার পর দারিদ্র্যের কর্দম কশাঘাত থেকে মানুষকে মুক্ত করতে গরিব-দুর্ঘাটীহৃষীয়ী অর্থনৈতিক নীতি অনুসরণ করেন।'

তিনি বলেন, 'বঙ্গবন্ধু দেশসেরা অর্থনীতিবিদ ও পরিকল্পনাবিদদের সঙ্গে নিয়ে প্রথম পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রস্তুত করেছিলেন যাতে ক্ষমপ্রধান এই দেশের পরিপ্রেক্ষিতে ক্ষমি খাতকে সর্বোচ্চ গুরুত্ব দেওয়া হয়। ব্যাপকভিত্তিক ক্ষমি সমবায়, ব্যাংক-বীমা জাতীয়করণ ইত্যাদি নানা প্রকল্পের মধ্য দিয়ে বাংলাদেশের অর্থনৈতিক সমন্বয় বীজ বপন করেছিলেন তিনি। যার ধারাবাহিকতায় শেখ



জাতীয় শোক দিবস উপলক্ষে বাংলা একাডেমিতে বক্তৃত্ব রাখছেন ড. মোহাম্মদ ফরাসউদ্দিন ■

সমকাল হাসিনার নেতৃস্থানী বর্তমান সরকার ওই পদ্ধতি অনুসরণ করে এবঁই মধ্যে দেশকে নিম্ন মধ্যম আয়ের দেশে ক্ষমতাপ্রাপ্তি করেছে। এই ধারাবাহিকতা বজায় রেখে ভবিষ্যতে বাংলাদেশকে অর্থনৈতিকভাবে সমন্বিতালী দেশে পরিণত করতে পারলেই বঙ্গবন্ধুর প্রতি শ্রেষ্ঠ পদ্ধতি প্রদর্শন করা সম্ভব হবে বলে মত প্রকাশ করেন তিনি।

আসাদুজ্জামান নূর বলেন, বঙ্গবন্ধুকে নিয়ে '৭৫ থেকে '৯৬ পর্যন্ত দীর্ঘ একুশ বছর ক্ষমতাসীন গোষ্ঠীরা নানা অপপ্রচার চালিয়েছে, মিথ্যাচার করেছে কিন্তু ইতিহাসের সত্য একদিন ঠিকই দিবালোকের মতো প্রশ়ূটিত হয়েছে। আজ নতুন প্রজন্মের কাছে তিনি স্বমহিমায় ভাস্তুর হয়ে উঠেছেন। শামসুজ্জামান খান বলেন, সুসংগঠিত মুক্তিযুদ্ধের মাধ্যমে সাম্প্রদায়িক পাকিস্তান রাষ্ট্রের কবর রচনা করে বাংলালি জাতিরাষ্ট্রের জন্ম দিয়েছিলেন বঙ্গবন্ধু।

অনুষ্ঠানের দ্বিতীয় অংশে ১৯৭৫-এর ১৫ আগস্টের বিয়োগান্ত ঘটনা নিয়ে ম. হামিদ প্রযোজিত থামাগ্যচির 'সেই অন্ধকার' দেখানো হয়।

অবেদ্যা মোরসেদ (চেতনা)



চাকুর কিলার
অবেদ্যা মোরসেদ
এইসিএসসি এন্ড
গোশেস জিপিসি